# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-08-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ লোকসভায় ১৩০ তম সংবিধান সংশোধনী বিল পেশ করেছেন। বিরোধীরা এই বিলের প্রতিবাদে সভায় তুমুল হইহট্টগোল চালায়।

২) প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় ১২ই সেপ্টেম্বরের মধ্যে রাজ্যের কারা মন্ত্রী চন্দ্রনাথ সিনহাকে আত্মসমর্পণ করার নির্দেশ দিয়েছে ইডির বিশেষ আদালত।

৩) দুর্গা পুজোয় ক্লাবগুলিকে অনুদান দেওয়ার বিরুদ্ধে দায়ের হওয়া জন স্বার্থ মামলার প্রাসঙ্গিকতা নিয়ে প্রশ্ন তুলেছে রাজ্য সরকার।

৪) মেদিনীপুরে বাম যুবনেত্রী সুশ্রিতা সোরেন ও সুচরিতা দাসকে অত্যাচারের অভিযোগের মামলায় কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চের নির্দেশই বহাল রেখেছে ডিভিশন বেঞ্চ।

৫) সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপের দ্বিতীয় সেমিফাইনালে ইস্টবেঙ্গল ডায়মন্ড হারবার এফসির মুখোমুখি হয়েছে।

৬) প্রবাদ প্রতীম ফুটবলার গোষ্ঠ পালের ১২৯ তম জন্ম দিবস আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ লোকসভায় ১৩০ তম সংবিধান সংশোধনী বিল পেশ করেছেন। এই বিলের আওতায় মুখ্যমন্ত্রী বা অন্য কোনো মন্ত্রী যদি কোনো গুরুতর অপরাধের সঙ্গে যুক্ত থাকেন তাহলে আইনি প্রক্রিয়ার মাধ্যমে তাদের অপসারণের সংস্থান রাখা হয়েছে নতুন বিলে। এতে বলা হয়েছে কোনো মন্ত্রী যদি একটানা ৩০ দিন আইনি হেফাজতে থাকেন তাহলে তাঁকে ঐ পদ থেকে সরিয়ে দেওয়া হবে। নতুন বিলে বলা হয়েছে, যদি কোনো মন্ত্রীকে টানা ৩০ দিন আটক রাখা হয় বা তাকে ৫ বছর বা তার বেশি সাজা দেওয়া হয় তাহলে আপনাআপনি তাঁর পদ চলে যাবে। কোনো মুখ্যমন্ত্রী যদি পদত্যাগ করতে নিমরাজি হন তাহলে ৩১ দিনের মাথায় তাঁর পদ থেকে তিনি সরে যেতে বাধ্য হবেন। সাজার মেয়াদ শেষ হওয়ার পর তাঁকে আবার পূর্ব পদে ফিরিয়ে আনার সংস্থান এই বিলে রয়েছে।

এই বিলকে কেন্দ্র করে আজ লোকসভায় তুমুল হইহট্টগোল বাধে। বিরোধী দলের সাংসদরা এর বিরোধিতায় বিলটির কপি ছিঁড়ে উড়িয়ে দেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বিরোধী দলগুলির এই আচরণের তীব্র নিন্দা করেছেন।

বাইট

কংগ্রেসের বর্ষীয়ান নেতা অধীর রঞ্জন চৌধুরী এই বিলের বিরোধিতা করেছেন।

বাইট

------------------------

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কেন্দ্রের প্রস্তাবিত ১৩০তম সংবিধান সংশোধনী বিলের তীব্র বিরোধিতা করেছেন। আজ এক্স হ্যান্ডেলে এক পোস্টে তিনি এই

বিলকে দেশের গণতন্ত্রের উপর প্রাণঘাতী আঘাত বলে উল্লেখ করেন। তাঁর অভিযোগ, এই পদক্ষেপ আসলে ভারতের গণতন্ত্র ও যুক্তরাষ্ট্রীয় কাঠামো চিরতরে ধ্বংস করে দেবে।

বিরোধী রাজনৈতিক দলগুলিকে বিপাকে ফেলতেই বিজেপি সংবিধান সংশোধন করতে চাইছে বলে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছেন। আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, সরকার বিরোধীদের অন্ধকারে রেখে সংবিধান সংশোধনী পাশ করাতে চাইছে।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী শুক্রবার ২২'শে আগস্ট কলকাতায় আসছেন। পাটনা থেকে কলকাতা পৌঁছে সড়ক পথে তিনি যাবেন যশোর রোড মেট্রো স্টেশন। মেট্রো রেল সহ কয়েকটি প্রকল্পের উদ্বোধন করে তিনি সেখান থেকে মেট্রোতে চেপে বিমানবন্দর যাবেন। সেখান থেকে ফের যশোর রোড স্টেশনে ফেরত আসবেন। দমদম সেন্ট্রাল জেল ময়দানে একটি সরকারি অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর যোগ দেবার কথা। শেষে বিজেপির 'পরিবর্তন সংকল্প যাত্রা'-য় বক্তব্য রাখবেন তিনি।

------------------------

প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় আগামী ১২ই সেপ্টেম্বরের মধ্যে রাজ্যের কারা মন্ত্রী চন্দ্রনাথ সিনহা কে আত্মসমর্পন করার নির্দেশ দিয়েছে ইডির বিশেষ আদালত। রাজ্যপালের তরফে অনুমতি মেলায় মন্ত্রীর বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরুর আর কোনও বাধা রইল না। চন্দ্রনাথ সিনহার নামে ১৫ দিনের মধ্যে সমন জারির নির্দেশ দিয়েছে আদালত। সমন জারি করে কোর্টে পেশ করতে হবে তাঁকে। কেন্দ্রীয় এজেন্সির

দাবি, ২০১৬-র পর থেকে ৫ বছরে মন্ত্রীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে দেড় কোটি টাকা নগদ জমা পড়েছে। চন্দ্রনাথ সিনহার বাড়ি থেকে যে ৪০ লক্ষ টাকা তারা বাজেয়াপ্ত করেছিল, তার কোনও হিসাব তিনি দিতে পারেননি মন্ত্রী।

চন্দ্রনাথ সিনহাকে আত্মসমর্পণের নির্দেশ দেওয়া প্রসঙ্গে কেন্দ্র ও রাজ্য দুই সরকাররই সমালোচনা করেছেন সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী।

বাইট

------------------------

রাজ্যপালের নাম ভাঙিয়ে সাম্প্রতিক কালে একাধিক সাইবার প্রতারণার অভিযোগে রাজভবন উদ্বেগ প্রকাশ করেছে। রাজভবনের প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, প্রতারকরা নিজেদের রাজ্যপালের দফতরের প্রতিনিধি পরিচয় দিয়ে ফোন কল, ইমেল কিংবা সোশ্যাল মিডিয়ার বার্তার মাধ্যমে টাকা দাবি করছে। নানা অজুহাত বা লোভনীয় প্রস্তাব দেখিয়ে সাধারণ মানুষকে ফাঁদে ফেলাই এদের মূল উদ্দেশ্য। রাজ্যপালের দফতর স্পষ্ট জানিয়েছে, কোনও অবস্থাতেই তারা ব্যক্তিগতভাবে কারও কাছে টাকা দাবি করে না।

------------------------

সংশোধিত ওয়াকফ আইনের প্রতিবাদে আই.এস.এফ এর বিক্ষোভ কর্মসূচিকে কেন্দ্র করে আজ ধর্মতলা এলাকা উত্তপ্ত হয়ে উঠে। পুলিশের সঙ্গে ধ্বস্তাধ্বস্তিতে ভাঙ্গড়ের বিধায়ক নৌশাদ সিদ্দিকি আহত হয়েছেন বলে খবর। আজ নওশাদ সিদ্দিকির নেতৃত্বে আইএসএফ সংশোধিত ওয়াকফ আইন, এবং ভোটার তালিকার বিশেষ সংশোধনী SIR-এর প্রতিবাদে পথে নামেন। পুলিশের দাবি, এই মিছিলের অনুমতি

নেয়নি আইএসএফ। মিছিল ধর্মতলার মেইন রোডের কাছে আসতেই পুলিশের সঙ্গে বচসা শুরু হয় আইএসএফ কর্মীদের। শুরু হয় ব্যাপক ধড়পাকড়। প্রতিবাদে আইএসএফ কর্মীরা ওয়াই চ্যানেলে ধরনায় বসে পড়েন ।আটক করা হয় নওশাদ সিদ্দিকি কে। পুলিশের বিরুদ্ধে মারধোরের অভিযোগ তুলেছেন তিনি।

বাইট

-----------------------

সি পি আই ( এম) - এর রাজ্য কমিটির দুদিনের সভা আজ মুজাফফর আহমেদ ভবনে আজ শুরু হয়েছে। সব জেলা থেকে রাজ্য কমিটির সদস্যরা এতে অংশগ্রহণ করেছে। উপস্থিত আছেন দলের সাধারণ সম্পাদক এম এ বেবি।

প্রয়াত সি পি আই ( এম) - এর রাজ্য কমিটির প্রাক্তন সদস্য এবং রাজ্যের প্রাক্তন মন্ত্রী দীনেশ চন্দ্র ডাকুয়া। দীর্ঘদিন অসুস্থ ছিলেন তিনি। আজ সকাল ১১ টা ১০ নাগাদ কলকাতার এন আর এস হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

-----------------------

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর জন্মদিনে আজ কলকাতা প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আয়োজিত অনুষ্ঠানে রাজীব গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন প্রদেশ কংগ্রেসের নেতা, নেত্রী ও কর্মীরা।

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ. আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

-----------------------

দুর্গাপুজোয় ক্লাব গুলোকে অনুদান দেওয়ার বিরুদ্ধে দায়ের হওয়া জনস্বার্থ মামলার শুনানিতে মামলার প্রাসঙ্গিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন রাজ্যের এডভোকেট জেনারেল কিশোর দত্ত। তিনি আজ আদালতে বলেন, "প্রতি বছর দুর্গা পুজোর আগে অনুদান দেওয়ার বিরুদ্ধে একটা করে মামলা করা হয়। আর পুজো মিটলে মামলাকারীদের আর জনগণের কথা মনে থাকে না।"

যদিও মামলাকারী সৌরভ দত্তের আইনজীবীর পালটা যুক্তি, "সরকারি কোষাগারের টাকা এই ভাবে পূজার নামে দান করা যায় না। বছর বছর এই অনুদানের পরিমাণ বাড়ছে। অথচ সরকার অন্যান্য জরুরি ক্ষেত্রে প্রাপ্য মেটাতে পারছে না। বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চ বিষয়টি আগামী সোমবার তালিকাভুক্ত করে বিস্তারিত শুনবেন বলে জানিয়েছেন।

------------------------

মেদিনীপুরে বাম যুবনেত্রী সুশ্রীতা সোরেন ও সুচরিতা দাসকে মহিলা থানায় তুলে নিয়ে গিয়ে অত্যাচারের অভিযোগের মামলায় কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চের নির্দেশই বহাল রেখেছে ডিভিশন বেঞ্চ। বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ শব্বর রাশিদির ডিভিশন বেঞ্চ আজ রাজ্যের আবেদন খারিজ করে জানান, ঘটনার তদন্তে সিট গঠন ও অভিযুক্ত পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে FIR করার নির্দেশ যথাযথ। তাতে হস্তক্ষেপের প্রয়োজন নেই।

উল্লেখ্য, গত পয়লা মার্চ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ওয়েবকুপার বার্ষিক সম্মেলনের দিন অশান্তির ঘটনার প্রতিবাদে তেসরা মার্চ বেশ কয়েকটি বাম ছাত্র সংগঠন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটের ডাক দেয়। ঐদিন মেদিনীপুর থানায় নিয়ে গিয়ে সুশ্রীতা ও সুচরিতাকে মারধোরের অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের সিঙ্গেল বেঞ্চ, বিশেষ তদন্তকারী দল-সিট গঠন করে তদন্ত এবং অভিযুক্ত পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে পদক্ষেপের নির্দেশ দেন। এর বিরুদ্ধে ডিভিশন বেঞ্চে যায় রাজ্য সরকার।

------------------------

মানুষ ও বন্যাপ্রাণীর সংঘাত এড়াতে উদ্যোগী হয়েছে বন দপ্তর। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

------------------------

সি এক্সপ্লোরার্স ইনস্টিটিউ SEI, কলকাতার প্রিন্স আনোয়ার শাহ রোডে একটি গ্রুপ আর্ট এক্সিবিশনের আয়োজন করেছে। চারুবাসনা আর্ট গ্যালারিতে আগামীকাল থেকে ২৭ শে আগস্ট পর্যন্ত এই প্রদর্শনী চলবে। বিশিষ্ট চিত্রশিল্পীদের কাজ তুলে ধরা হবে প্রদর্শনীতে।

-----------------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ ১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে আজ ইস্টবেঙ্গল, ডায়মন্ড হারবার এফ সি, র মুখোমুখি হয়েছে। বিরতিতে খেলা গোলশূন্য রয়েছে।

এদিকে গতবারের বিজয়ী নর্থ ইষ্ট ইউনাইটেড এফ সি, ডুরান্ড কাপের ফাইনালে উঠেছে। গতকাল শিলং এর জওহরলাল নেহরু স্টেডিয়ামে প্রথম সেমিফাইনালে তারা ১-০গোলে শিলং লাজং এফ সি, কে হারিয়ে দেয়।এই নিয়ে পর পর ২ বার ফাইনালে উঠলো নর্থ ইষ্ট ইউনাইটেড। ফাইনাল হবে আগামী শনিবার।

-----------------------

প্রবাদপ্রতিম ফুটবলার গোষ্ঠ পালের ১২৯-তম জন্ম দিবস আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে।

এই উপলক্ষে কলকাতা ময়দানে গোষ্ঠ পালের মূর্তির পাদদেশে যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস, ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারী, প্রাক্তন খেলোয়াড়রা কিংবদন্তি ফুটবলারের মূর্তিতে মাল্যপর্ন করে শ্রদ্ধা জানান।

ইণ্ডিয়ান ফুটবল এসোসিয়েশন- 'IFA, ‘বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশনের’-BOA, ‘ক্রিকেট এসোসিয়েশন অফ বেঙ্গল’-CAB, মোহনবাগান, ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং ক্লাবের পক্ষ থেকেও মূর্তিতে পুষ্পার্ঘ দেওয়া হয়।

------------------------

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর ওপর রচিত গ্রন্থ্ **স্মরণীয় মনমোহন** আজ কলকাতা প্রেস ক্লাবে আনুষ্ঠানিকভাবে প্রকাশিত হয়েছে। প্রাক্তন সাংসদ অধ্যাপক প্রদীপ ভট্টাচার্য্য ও অধ্যাপক শুভদীপ মুখোপাধ্যায় সম্পাদিত গ্রন্থটি প্রকাশ করেন প্রাক্তন উপাচার্য অধ্যাপক সুজিত বসু।

------------------------ ------------------------